# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd


স্মারক নং-৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫- ৮৬৬ তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ / ২১ অক্টোবর ২০২৫

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষা ২০২৫ এর ফরমপূরণ**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত মাদ্রাসা প্রধানসহ সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে,ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষা ২০২৫ এর ফরমপূরণ প্রক্রিয়া নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে সম্পন্ন করতে হবে।

## নির্দেশাবলি

১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত স্বতন্ত্র ইবতেদায়ি, সংযুক্ত ইবতেদায়িসহ দাখিল, আলিম, ফাযিল, কামিল মাদ্রাসায় ৫ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের শতকরা সর্বোচ্চ ৪০% ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষার জন্য ফরমপূরণ করতে পারবে।

২। প্রত্যেক পরীক্ষার্থীর ৪০০ (চারশত) টাকা বোর্ড ফি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অনুকূলে অনলাইনে জমা দিতে হবে। প্রত্যেক পরীক্ষার্থীর ২০০ (দুইশত) টাকা কেন্দ্র ফি সংশ্লিষ্ট মাদ্রাসায় জমা দিতে হবে। অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর কেন্দ্র ফি মাদ্রাসা প্রধান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের অনুকূলে জমা দিতে হবে।

৩। প্রত্যেক পরীক্ষার্থীর ফরমপূরণ প্রক্রিয়া বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

৪। **অনলাইনে ফরমপূরণের সময়-সূচিঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে ফরমপূরণ | ২২.১০.২০২৫ থেকে ২৯.১০.২০২৫ পর্যন্ত |
| খ) | অনলাইনে বোর্ড ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ | ২৮.১০.২০২৫ |
| *(বোর্ড ফি সিস্টেমে জমা হওয়ার পরই কেবলমাত্র তথ্য আপলোডের জন্য নতুন এন্ট্রি অপশন পাওয়া যাবে)* | | |

৫। **অনলাইনে ফরমপূরণ এবং ফি প্রদান প্রক্রিয়াঃ**

(ক) (১) Google Chrome/Firefox ব্রাউজার থেকে সরাসরি www.ebmeb.gov.bd-এ প্রবেশ করে **Ebtedaee Scholarship Entry** বাটনে ক্লিক করলে প্রতিষ্ঠানের লগইন প্যানেল আসবে। লগইন প্যানেলে প্রতিষ্ঠানের EIIN/Code এবং Password ব্যবহার করে প্যানেলে প্রবেশ করে **পেমেন্ট অপশনে** ক্লিক করে **শিক্ষার্থী সংখ্যা এন্ট্রি** দিয়ে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে বোর্ড ফি প্রদান করতে হবে।

(২) যে সকল মাদ্রাসার EIIN বা Password নেই কিন্তু কোড নম্বর আছে তাদের ক্ষেত্রে **নতুন পাসওয়ার্ড** অপশনে ক্লিক করে মাদ্রাসার কোড, প্রতিষ্ঠান প্রধানের রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বর এন্ট্রি দিয়ে OTP বাটনে ক্লিক করলে OTP পাওয়া যাবে। OTP ব্যবহার করে পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে। প্রাপ্ত পাসওয়ার্ড প্রিন্ট নিয়ে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে মাদ্রাসার কোড নম্বর এবং প্রাপ্ত পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করতে হবে।

(খ) বোর্ড ফি সিস্টেমে জমা হওয়ার পর শিক্ষার্থীর তথ্য আপলোডের জন্য **নতুন এন্ট্রি** অপশন পাওয়া যাবে। কোনো মাদ্রাসার সকল পরীক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার পর এন্ট্রিকৃত তথ্যের তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে যাচাই করতে হবে। কোনো প্রকার ভুল হলে Edit অপশনে ক্লিক করে তথ্য সংশোধন করা যাবে। তথ্য এন্ট্রি সম্পন্ন হলে ফাইনাল সাবমিট বাটনে ক্লিক করে সংশ্লিষ্ট মাদ্রাসার ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৬। অনলাইনে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দেয়ার সময় ভর্তি রেজিস্ট্রার এবং জন্ম সনদ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে। শিক্ষার্থীর নিজ নাম, পিতা এবং মাতার নাম, তার জন্ম নিবন্ধন নম্বর তার জন্ম সনদ অনুযায়ী ইনপুট দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২১/১০/২০২৫


প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮
ই-মেইল:controller@bmeb.gov.bd


মাদ্রাসা প্রধান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অনুমোদিত সকল
মাদ্রাসা

২১/১০/২৫

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২নং অরফ্যানেজ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং- স্মারক নং-৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫- ৮৬৬ তারিখ: ২১/১০/২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০;
৫. রেজিস্ট্রার/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল)
৭. জেলা প্রশাসক (সকল)
৮. শিক্ষা উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (শিক্ষা উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১১. জেলা শিক্ষা অফিসার (সকল);
১২. পরামর্শক, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১৬. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল অঞ্চল;
১৭. পি.ও.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
১৮. অফিস কপি।

২১/১০/২৫

মোহাম্মদ আব্দুস সালাম
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (পরীক্ষা)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ০২-২২৩৩৬৫২৪৮
E-mail: dcexam@bmeb.gov.bd